আলমডাঙ্গায় ফার্ণিচার শ্রমিক লীগের কমিটি গঠন ও মতবিনিময় সভা

আলমডাঙ্গায় ফার্ণিচার শ্রমিক লীগের কমিটি গঠন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যায় শ্রমিক ইউনিয়ন অফিসে এ কমিটি গঠন সভা অনুষ্ঠিত হয়। ফার্নিচার শ্রমিক লীগের কমিটি গঠন সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার।

কমিটি গঠন অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা শ্রমিক লীগের সভাপতি আব্দুল কুদ্দুসের সভাপতিত্বে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় শ্রমিক লীগের সভাপতি আফজালুল হক বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা শ্রমিক লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল মাজেদ, জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল, জয়েন্ট সেক্রেটারি নজরুল ইসলাম তেতু, সাংগঠনিক সম্পাদক সাইদুল রহমান, চুয়াডাঙ্গা সদর থানা শ্রমিক লীগের ভারপ্রাপ্ত সভাপতি টোকন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম। সভায় বক্তগণ বলেন,বর্তমান সরকার শ্রমিক বান্ধব সরকার। শ্রমিকদের স্বার্থ রক্ষায় আমরা কাজ করে যাচ্ছি। এ জেলায় আমাদের অভিভাবক জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্দেশে আমরা শ্রমিক ভাইদের ঐক্যবদ্ধ করতে কাজ করছি। কমিটি গঠন করছি। আগামী ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালনের অনুষ্ঠানে সবাই ঐক্যবদ্ধ ভাবে উপস্থিত থাকবেন। ফার্ণিচার শ্রমিকদের কমিটি গঠন

সভায় ফার্ণিচার শ্রমিকদের সর্বসম্মতিক্রমে সোহরাব উদ্দিনকে সভাপতি ও নজরুল ইসলামের সাধারণ সম্পাদক মনোনিত করে ৫১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে।

আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারে চুরি করে গাছকর্তনের অভিযোগ

দর্শনা কেরুজ চিনিকলের বয়লারে খড়ির প্রয়োজনে মরাগাছের ডাল কাটার অযুহাতে ৫ লাখ টাকা মূল্যের ২২টি শিশুগাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে দেলোয়ার হোসেন ও খামার ইনচার্জ জাহিদুল ইসলাম টুটুলের বিরুদ্ধে।

ঘটনা জানাজানি হলে তারা কর্তনকৃত গাছের নিচের অংশ ঢেকে প্রমান লোপাাটের অপচেষ্টাও চালিয়েছে। তবে বিধিবাম!

এদিকে অভিযুক্তদের ভয়ের কোন কারণ নেই বলে জনৈক এক কর্মকর্তা তাদেরকে আশ্বস্থ করেছে। বিষয়টি তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বাস দিয়েছেন কর্তৃপক্ষ।

জানাগেছে, দর্শনা কেরুজ চিনিকলের মাড়াই মোরসুম শুরু হওয়ার আগে থেকেই বয়লারের জ্বালানির জন্য খড়ি ক্রয় করে থাকে চিনিকল কর্তৃপক্ষ। তারি ধারাবাহিকতায় ২০২০-২১ মাড়াই মোরসুমে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠনের নিকট থেকে ১১শ মেট্রিকটন খড়ি ক্রয় করা হয়।

মাড়াই কার্যদিবস শেষ হবার আগেই ক্রয়কৃত মোজুদ খড়ি শেষ হয়ে যায় চিনিকলের। মাড়াই কার্যক্রম চলমান রাখার জন্য কর্তৃপক্ষ নিজেস্ব কৃষি খামারের থাকা মরা এবং শুকনা গাছ ও গছের ডাল কাটার নির্দেশ দেন কর্তৃপক্ষ।

এর জন্য কর্তৃপক্ষ বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেনকে প্রধান করে মহা-ব্যবস্থাপক (অর্থ) গোলাম জাকারিয়া, সিভিল ইঞ্জিনিয়ার ইয়াসির আরাফাত ও জহির উদ্দিনের (ভুমি) সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করে দেন।

অভিযোগ উঠেছে কমিটির প্রধান দেলোয়ার হোসেন ও খামার ইনচার্জ জাহিদুল ইসলাম টুটুল মরাগাছ এবং গাছের ডালকাটার অযুহাতে

আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারের প্রায় ৫ লাখ টাকার মূল্যবান ২২টি শিশু গাছ চুরি করে কেটে ফেলেন।

কর্তনকৃত গাছের কিছু অংশ বয়লারের জ্বালানি হিসাবে চিনিকলে সরবরাহ করেন এবং গাছের মূল্যবান অংশ আত্নসাৎত করেছেন। প্রশ্ন উঠেছে গাছের মূল্যবান অংশ কোথায় রেখেছেন এবং কার জন্য? এব্যাপারে কমিটির প্রধান বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেন বলেন, আমি কোন গাছ কাটেনি, গাছের ডাল কেটেছি।

তাহলে কাটা গাছের গুড়ি মাটি দিয়ে প্রমাণ লোপাটের চেষ্টা চালানো হয়েছে কেন? এর উত্তরে তিনি বলেন, মোবাইলে সব বলা যাবে না। স্বাক্ষাতে বলব। এদিকে অভিযুক্তদের রক্ষা করতে চিনিকলের জনৈক্য কর্মকর্তা বয়ের কোন কারণ নেই বলে আশ্বস্থ করেছেন দেলোয়ার ও টুটুলকে। কর্মকর্তার এহন আচরণে বইছে আলোচনা সমালোচনার ঝড়।

চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন বলেন, আমি যতটকু জেনেছি একটি মরাগাছ কাটা হয়েছে। এর পরও যখন গাছ কাটা নিয়ে নানা কথা উঠছে তখন সরেজমিনে তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে নতুন করে তদন্ত কমিটি গঠণ করে তদন্ত করা হবে।

আলমডাঙ্গায় ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস পালনের লক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যাগে ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস পালনের লক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগ কার্য্যালয়ে অনুষ্ঠিত সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন সভাপতিত্বে ও পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান,সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুন,জেলা পরিষদের সদস্য আবু মুসা,পৌর আওয়ামী লীগের সহসভাপতি, আমিনুল ইসলাম অপু মোল্লা,ডাক্তার অমল কুমার বিশ্বাস সহ আরোও উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সাংঠনিক আবু মুসা, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, প্রচার সম্পাদক মিজানুর রহমান রিপন,সাংস্কৃতিক সম্পাদক আব্দুল লতিফ, কোষাধ্যক্ষ শরিফুল ইসলাম, মহিলা সম্পাদিকা ডালিম,নির্বাহী সদস্য গোলাম সরোওয়ার সদু,১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সানাউল্লাহ্, ১নং ওয়ার্ডের সসাধারন সম্পাদক ও বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন, ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জাহাঙ্গীর হোসেন,সাধারণ সম্পাদক ও প্যানেল মেয়র মজিবুল হক,৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর প্যানেল মেয়র স্বপন,৫নংওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সিরাজুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক তবা,সাধারণ সম্পাদক মাহাবুল,৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাবুল হক ঠান্ডু,৮নং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দেলোয়ার মোল্লা, ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শহিদ মোল্লা,ডাক্তার আতিক বিশ্বাস প্রমূখ। প্রস্তুতি সভায় বক্তাগণ আগামী ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলকে প্রস্তুতি গ্রহণের অনুরোধ করেন।

আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলার আলোচনা সভা পুরস্কার বিতরণী

আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা- ২০২২ এর আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে উপজেলা মঞ্চ প্রাঙ্গণে এ আলোচনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা প্রাণীসম্পদ অফিসার ডা. গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে আয়ুব হোসেন বলেন, আমাদের খামারি ভাইরা ব্ল্যাক বেঙ্গল গোট উৎপাদন করে দেশের মানুষের চাহিদা মিটাচ্ছেন। আজকে খামারিদের জন্য সরকার প্রণোদনা দিয়েছে। করোনা কালিন সময়ে যারা ক্ষতিগ্রস্তি হয়েছে,তাদের জন্য সরকারকে এই প্রণোদনা দেয়। আজকে সরকার শুধু প্রাণী সম্পদ খাত নয়, কৃষি, শিল্প, শিক্ষা সর্বক্ষেতে কাজ করে যাচ্ছেন।
বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা তাঁর পিতার স্বপ্ন বাস্তবায়নে কাজ করছেন। আমরা মাননীয় প্রধানমন্ত্রী দীর্ঘায়ু কামনা করি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলার সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি,চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহকারি অধ্যক্ষ মারুফুল ইসলাম প্রমূখ ।

অনুষ্ঠান শেষে গোট উন্নয়ন মেলায় বিজয়ীদের মাঝে ছাগলের খাবার ও পুরস্কার বিতরণ করা হয়।

দর্শনার আকন্দবাড়ীয়ায় আবাসনে খাল পুনঃখনন কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গার আকন্দবাড়ীয়া আবাসন খাল পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে বিএডিসি’র মুজিবনগর সেচ প্রকল্পের আওতায় প্রকল্পটির বাস্তবায়নে সাড়ে ১২ লাখ টাকা ব্যয়ে আকন্দবাড়ীয়া বটতলা থেকে আকন্দবাড়িয়া রেল ব্রীজ পর্যন্ত ১ কিলোমিটার সরকারী এ

খালের পুনঃ খনন কাজের প্রধান উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া।

প্রধান অতিথি বলেন, কালের প্রভাবে এক সময়ের নদী-নালা, খাল-বিলের তলদেশ ভরাট হয়ে পানি প্রবাহ বন্ধ হয়ে গেছে। ধীরে ধীরে তা বিলীন হয়ে আজ সরকারী সম্পদ বিভিন্ন জনের দখলে চলে গেছে।

এই প্রকল্প বাস্তবায়ন হলে নদী ফিরে পাবে তার হারানো গতিপথ। কৃষি-সেচ ও মৎস্য সম্পদের হবে উন্নয়ন। রক্ষা পাবে জীব বৈচির্ত্য ও আবহমান বাংলার সংস্কৃতি। সেই সাথে পরিবেশের ভারসাম্য রক্ষায় নদীর দুই পাড়ে সৃজন করা হবে সবুজ বনায়ন।

এসময় তিনি আরও জানান, খাল পুনঃ খনন যেনো সঠিক ভাবে হয় সে বিষয়ে এলাকার মানুষের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং কোন ধরণের অনিয়ম হলে তৎক্ষনাৎ জানানোর আহব্বান জানান।

চুয়াডাঙ্গা বিএডিসি’র সহকারী প্রকৌশলী (সেচ প্রকল্প) খালেদা ইয়াসমিনের সভাপতিত্ব উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দার, ইউপি সদস্য জিল্লুর রহমান (জুলমত)। এছাড়া উপস্থিত ছিলেন স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

মুজিবনগর প্রকল্প কর্তৃপক্ষের সহকারী প্রকৌশলী খালেদা ইয়াসমিন জানান, ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার ও বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে কৃষি কাজে সেচ সম্প্রসারণ করা এ প্রকল্পের লক্ষ্য।

খাল খননের মাধ্যমে পানি সংরক্ষণ করা যাবে। সংরক্ষণের এ পানি দিয়ে এক দিকে দেশীয় মাছের প্রয়োজন ও কৃষি জমিতে জলাবদ্ধতা দুরীকরণ এবং শুকনো মৌসুমে কৃষকরা সেচ কাজে এ পানি ব্যবহার করতে পারবেন।

চুয়াডাঙ্গায় ঢাকা পোস্টের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

চুয়াডাঙ্গায় জমকালো আয়োজনের মধ্য দিয়ে জনপ্রিয় মাল্টিমিডিয়া নিউজ পোর্টাল ঢাকা পোস্টের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে।

এই উপলক্ষে র্যালি ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে মিলনায়তনে সম্মাননা স্মারক প্রদান, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঢাকা পোস্টের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি আফজালুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মহসীন পিপিএম, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি নাজমুল হক স্বপন, দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক-প্রকাশক জান্নাতুল আওলিয়া নিশি ও প্রথম আলো চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম সনি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন দৈনিক সময়ের সমীকরণের বার্তা সম্পাদক, নয়া দিগন্ত ও ইউএনবির জেলা প্রতিনিধি হুসাইন মালিক।

এর আগে প্রেসক্লাব থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পূর্বের স্থানে শেষ হয়। পরে প্রেসক্লাবের হল রুমে প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। এসময় করোনাকালীন সময়ে সমাজসেবায় অবদান রাখায় তাকওয়া ফাউন্ডেশন চুয়াডাঙ্গার পরিচালক তারিক মাহমুদের হাতে ঢাকা পোস্টের পক্ষ থেকে ক্রেস তুলে দেন জেলা প্রশাসক ও পুলিশ সুপার।

অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, মাত্র এক বছরে ঢাকা পোস্ট পাঠকের মন জয় করেছে। বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের মাধ্যমে অতি অল্প সময়ে জনপ্রিয় হয়ে

উঠেছে। ঢাকা পোস্ট আরও এগিয়ে যাক শুভ কামনা রইল।

পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, মাত্র একবছরে ঢাকা পোস্টের এই জাগরণ প্রমাণ করে বস্তুনিষ্ঠ সংবাদ পাঠকের সবসময় প্রিয়। আগামীতে শীর্ষস্থান দখল করবে বলে আমি আশাবাদী। আমি আরও উত্তরউত্তর সাফল্য কামনা করি।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মহসীন পিপিএম বলেন, আমি ঢাকা পোস্ট পরিবারের একজন সদস্য হিসেবে আজ বক্তব্য দেবোনা। অল্প সময়ের মধ্যে তারা নিজেদের কার্যক্রমের মধ্যে দিয়ে সেরা হিসেবে পৌছে গেছে। ঢাকা পোস্টের এই উদ্দ্যোমী পথচলা অব্যাহত থাকুক, শুভ কামনা রইল।

এসময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সহসভাপতি অধ্যাপক শেখ সেলিম, চুয়াডাঙ্গায় প্রেসক্লাবের সহ সভাপতি কামাল জোয়ার্দ্দার, অর্থ-সম্পাদক আতিয়ার রহমান, দপ্তর সম্পাদক আবুল হাসেম, ক্রিড়া সম্পাদক খাইরুজ্জামান সেতু, কার্য্যনির্বাহী সদস্য রিফাত রহমান, সদস্য মাহফুজ মামুন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মফিজুর রহমান জোয়ার্দ্দার, স্থানীয় একাত্তর টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি এমএ মামুন, দৈনিক মেহেরপুর প্রতিদিনের দর্শনা ব্যুরো প্রধান আহসান হাবিব মামুন, পশ্চিমাঞ্চল পত্রিকার চঞ্চল মেহমুদ, সময়েত সমীকরণ পত্রিকার নিজস্ব প্রতিবেদক রুদ্র রাসেল, জেলা প্রতিনিধি বানিজ্য প্রতিদিন ও দ্যা ডেইলি নিউজ ষ্টারের প্রতিনিধি আব্দুল্লাহ হক,আজকের পত্রিকার জেলা প্রতিনিধি মেহেরাব্বিন সামনি, নয়া শতাব্দির চুয়াডাঙ্গা প্রতিনিধি আহসান আলম,বঢাকা মেইলের জেলা প্রতিনিধি আব্দুল হাকিমসহ তাকওয়া ফাউন্ডেশন বাংলাদেশের চুয়াডাঙ্গা জেলার শাখার সদস্যরা।

অনুষ্ঠানটি পরিচালনা ও সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের প্রচার-প্রকাশনা ও সাংস্কৃতিক সম্পাদক, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার বার্তা সম্পাদক ও যুগান্তরের চুয়াডাঙ্গা প্রতিনিধি আহাদ আলী মোল্লা এবং চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সহ-সম্পাদক ইসলাম রাকিব।

আলমডাঙ্গার পাইকপাড়ায় সরকারি জমি দখল করে ঘর নির্মাণের অভিযোগ

আলমডাঙ্গায় কালিদাসপুর দাসপাড়ার মোড়ে অনন্ত দাসের বিরুদ্ধে সরকারি জমি দখলের অভিযোগ উঠেছে। নিজের জমি বিক্রয় করে আবারো পূণরায় সরকারি জমি দখল করার ঘটনায় এলাকাবাসীর মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

এ ঘটনায় উপজেলা প্রশাসন দ্রুত ব্যবস্থা নিবে এমনটাই আশাবাদী এলাকাবাসীর।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের পাইকপাড়ার দাসপাড়া মোড়ে সাড়ে ৪ শতক জমি সরকারি খাস খতিয়ান ভুক্ত। দীর্ঘদিন সাধারণ মানুষ দখল করে দোকান নির্মাণ করে। এ ঘটনায় গত কয়েক পূর্বে আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে দোকান গুলো উচ্ছেদ করে। উচ্ছেদকৃত জায়গায় স্থানীয়দের উদ্যোগে ছোট করে মসজিদ নির্মাণ করা হয়।

ওই সরকারি জায়গার পাশে দীর্ঘদিন ধরে অন্তত দাস নামের একজন তার পরিবার নিয়ে বসবাস করে। দাসপাড়ায় তার জমির পরিমাণ সাড়ে ৪ শতক। গত কয়েক বছর পূর্বে দেড় শতক জমি একই গ্রামের ফজলু হকের ছেলে রেজাউলের নিকট বিক্রয় করে দেয়। এছাড়াও উচ্ছেদকৃত জমির মালিকানা দাবি করে সরকারি জমি আলিমদ্দিনের ছেলে নাজিমের কাছে ৫০ হাজার টাকায় বিক্রয় করে। রেজাউলের নিকট দেড়শত জমি বিক্রয়ের কারণে উচ্ছেদকৃত জায়গায় আবারো ঘর নির্মাণের অভিযোগ ওঠে।

এ ঘটনায় অনন্ত দাস বলেন, আমি গরিব মানুষ। জমি বিক্রয় করে যাতায়াতের জন্য রাস্তা না থাকায় টিনের ঘর তৈরি করছি। তিনি আরো বলেন, রাস্তার পাশে সরকারি জমি হওয়ায় বিক্রয়কৃত জমির মালিক তার রাস্তার জন্য চাপ দিচ্ছে। কারণ, বিক্রিত জমির সামনের অংশও সরকারি খাস।

স্থানীয় ইউপি সদস্য শিপন জানান, সরকারি জায়গা দখলের কোন সুযোগ নেয়। দখলকে কেন্দ্র করে এলাকায় উত্তেজোনা বিরাজ করছে। উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে সমাধানের চেষ্টা করা হচ্ছে।

খামারি ভাইয়েরা দেশের জন্য যে কাজ করছেন তা অতুলনীয়

আলমডাঙ্গায় প্রাণীসম্পদ অধিদপ্তর ও ভেটেনারি হাসপাতালের উদ্যোগে দিন ব্যাপি প্রাণীসম্পদ প্রদর্শনী মেলা-২০২২ এর উদ্বোধন ও সমাপণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে উপজেলার মুক্তিযোদ্ধা মঞ্চ প্রাঙ্গণে দিনব্যাপি এ প্রদর্শনী মেলার উদ্বোধন ও সমাপণী অনুষ্ঠিত হয়।

“পুষ্টি, মেধা, দারিদ্র, বিমোচন, প্রার্ণী সম্পদ প্রদর্শনীর আয়োজন” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে অনুষ্ঠিত এ প্রদর্শনীর সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা- ১ আসনের সংসদ সদস্য, জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, প্রাণী সম্পদ মেলা, এটা সব জায়গায় হচ্ছে। সকালে চুয়াডাঙ্গায় উদ্বোধন করেছি, এখন আলমডাঙ্গায়। আমি অভিভূত। জাঁকজমকপূর্ণ ভাবে এ অনুষ্ঠান হচ্ছে।

গত বছরও এ অনুষ্ঠান করেছি। এতো জাঁকজমক ছিলনা। এক বছরে ব্যাপক পরিবর্তন হয়েছে সরকারের আন্তরিক স্বদিচ্ছার কারণে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী আমাদের বলছেন উদ্যোক্তা হতে। উদ্যোক্তা হলে ফার্ম করলে তোমার ফার্মেই দু’চার জন লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

আজকে খামারিদের করোনাকালিন সময়ে প্রণোদনা দিয়েছেন। তিনি বলেন, আজকে যেসব খামারিরা এখানে এসেছেন আপনারা আরও বড় আকারে ফার্ম করবেন। আমি চাই আমরাও দেশে প্রোটিনের চাহিদা মিটিয়ে যেনো অন্য দেশের মত বিদেশে মাংস রফতানি করতে পারি।

তিনি বলেন, এক সময় বলতে শুনেছি ভারতীয় গরু না আসলে কোরবানি হবে না। এখন কিন্তু আর ভারতীয় গরুর প্রয়োজন হচ্ছে না। আমাদের খামারি

ভাইয়েরা যে গরু উৎপাদন করছে,যে প্রাণী গুলো লালন পালন করছে, সেটা দিয়ে আমাদের চাহিদা মিটিয়ে কিছু গরু-ছাগল উদ্বৃত্ত থেকে যাচ্ছে।

আমরা নিজেরা আত্মবিশ্বাসী হয়ে যারা খামারি আছেন, ছোট হোক বড় হোক ছাগলের ফার্ম হোক বা যে ফার্মই হোক আপনারা আন্তরিক ভাবে দেশের ও মানুষের যে সেবা দিচ্ছেন তা অতুলনীয়। আপনারা এভাবেই দেশের কল্যাণে এগিয়ে যাবেন। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী আপনাদের পাশে আছেন। প্রতিটা সেক্টরের মত আপনাদের পাশে থেকে সাহায্য সহযোগিতা যে প্রণোদনা দেবার দরকার সেটার ব্যবস্থা করে যাচ্ছেন।

সমাপণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর। এর পূর্বে বেলা সাড়ে ১০ টার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপচেলা সহকারী কমাশনার ভূমি রেজওয়ানা নাহিদ। উদ্বোধনী ও সমাপণী অনুষ্ঠান দুটিতে

বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারি কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান, ওসিএলএসডি লিটন বিশ্বাস, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠু, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা প্রমুখ।

আলমডাঙ্গার খাসবাগুন্দায় ২০ লিটার মদসহ আটক-৩

আলমডাঙ্গার ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ খাসবাগুন্দা গ্রাম থেকে ২০ লিটার চোলাই মদসহ ৩ জনকে আটক করেছে। বুধবার বিকেল ৫টার দিকে

খাসবাগুন্দা গ্রাম থেকে তাদের আটক করা হয়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা গ্রামে দীর্ঘদিন ধরে রাশিদুল হোসেন নামের এক মাদক ব্যবসায়ী চোলাই মদ বিক্রয় করে আসছেন। বিভিন্ন সময় আলমডাঙ্গা থানা ও ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ অভিযান পরিচালনা করলেও মাদক ব্যবসায়ী রাশিদুল ধরা ছোয়ার বাহিরে থাকে।

বুধবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে ঘোলদাড়ি ফাঁড়ির আইসি উপপরিদর্শক এস আই সিদ্ধার্থ কুমার মন্ডলের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় খাসবাগুন্দা গ্রামের শামছুল হকের লাউ ক্ষেতের মধ্য থেকে মাদক ব্যবসায়ী মৃত লুৎফর রহমানের ছেলে রাশিদুল হোসেন, সরোজগঞ্জ এলাকার সাইদুল ইসলামের ছেলে ইখতিয়ার, আবু সালামের ছেলে আব্দুর রহিমকে আটক করে। আটকের সময় তাদের নিকট থেকে ২০ লিটার চোলাই মদ উদ্ধার করে।

আটকৃত ৩ মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে। তাদের সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হবে।

আলমডাঙ্গার কালিদাসপুরে ইয়াবাসহ যুবক আটক

আলমডাঙ্গার কালিদাসপুর থেকে ইয়াবাসহ ১৯০ পিস ইয়াবাসহ পিয়াস (২৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬।

গত সোমবার দুপুরে উপজেলার কালিদাসপুর গ্রাম থেকে তাকে আটক করে। এসময় তার শরীর তল্লাশি করে ১৯০ পিস ইয়াবা উদ্ধার করে র্যাব। পিয়াস আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর গ্রামের আবু তাহেরের ছেলে ।

জানাগেছে, পিয়স দীর্ঘদিন গোপনে ইয়াবার ব্যবসা করে। পুলিশি অভিযান পরিচালনা করা হলেও সে ধরা ছোঁয়ার বাইরে থাকে।

সোমবার দুপুরে কালিদাসপুর উত্তরপাড়ায় র্যাব-৬ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। নাজমুল মিয়ার দোকানে র্যাবের গাড়ি পৌঁছালে র্যাব দেখে দৌড়ে পালানোর চেষ্ঠা করে পিয়াস। র্যাব তাদের দৌড়ে ধরে।

পরে তার শরীর তল্লাশি করে ১৯০ পিস ইয়াবা উদ্ধার করে র্যাব। এঘটনায় মাদক দ্রব্য আইনে পিয়াসের বিরুদ্ধে মামলা হয়েছে।